PILANI INVESTMENT AND INDUSTRIES CORPORATION LIMITED

CIN : L24131WB1948PLC095302

REGD. OFFICE : BIRLA BUILDING, 9/1, R. N. MUKHERJEE ROAD, KOLKATA-700001

Email : pilani@pilaniinvestment.com, TELEPHONE : 033 4082 3700 / 2220 0600, Website : www.pilaniinvestment.com

28th May, 2025

The Manager,
Listing Department
National Stock Exchange of India Ltd.
"Exchange Plaza", Plot No. C/1, G Block
Bandra Kurla Complex, Bandra (East)
Mumbai – 400 051

The Manager (Listing)
BSE Ltd.
Phiroze Jeejeebhoy Towers
Dalal Street,
Mumbai-400 001

Sub: Newspaper Publication

Ref: Scrip Code: NSE: PILANIINVS :: BSE: 539883:: ISIN: INE417C01014

Dear Sir,

Pursuant to Regulation 47 of Securities and Exchange Board of India (Listing Obligations and Disclosure Requirements) Regulations, 2015, please find enclosed herewith the extracts of newspaper publication of the Audited Standalone and Consolidated Financial Results of the Company for the quarter and year ended 31st March, 2025 which was approved by the Board of Directors of the Company at its meeting held on 26th May, 2025, and published today i.e. 28th May, 2025, in the following newspapers:

(i) Financial Express (English)
(ii) Aajkal (Bengali)

The copies of the aforesaid are also being made available on the Company's website www.pilaniinvestment.com.

You are kindly requested to take the same on record.

Thanking you,

Yours faithfully,
For Pilani Investment and Industries Corporation Limited

Rajkumar Singh Kashyap

Digitally signed by Rajkumar Singh Kashyap
DN: cn=Rajkumar Singh Kashyap c=IN o=Personal
Reason:
Location:
Date: 2025-05-28 10:30+05:30

Company Secretary

Encl: As above

FINANCIAL EXPRESS

WEDNESDAY, MAY 28, 2025

21

odtech India Limited for
r the said period.

n behalf of the Board of
odtech India Limited
SD/-
Dilip Chhajer
(DIN:00668288)
Managing Director

Mumbai-400 063, MH.
EMENT) RULES, 2002]
e of Amalgamation dated
.03.2025, all SARFAESI
ow, stands transferred to

r the Securitisation and
of the powers conferred
lotice Dated mentioned
oned below) to repay the
notice.
owers mentioned herein
escribed herein below in
est (Enforcement) Rules,
to deal with said property
an amount as mentioned
on 13 of the act, in respect

	Possession Date
ring About Or Less mprised In To R.s. Under R.S. ng No. 15, ing No. 20, d No. 2 At Bansberia	26.05.2025 (Symbolic Possession)

Sd/-
Authorised Officer
itya Birla Capital Limited

ooking
424

PILANI INVESTMENT AND INDUSTRIES CORPORATION LIMITED

CIN - L24131WB1948PLC095302; Website: www.pilaniinvestment.com; Email: pilani@pilaniinvestment.com
Registered Office: Birla Building, 9/1, R.N. Mukherjee Road Kolkata-700 001 ; Tel.: 033 40823700/22200600

AN EXTRACT OF THE STANDALONE AND CONSOLIDATED AUDITED FINANCIAL RESULTS FOR QUARTER AND YEAR ENDED 31ST MARCH, 2025

(Rs. in Lakhs except per share data)

Particulars	Standalone					Consolidated				
	Quarter Ended			Year Ended		Quarter Ended			Year Ended	
	31-Mar-25 (Audited)	31-Dec-24 (Unaudited)	31-Mar-24 (Audited)	31-Mar-25 (Audited)	31-Mar-24 (Audited)	31-Mar-25 (Audited)	31-Dec-24 (Unaudited)	31-Mar-24 (Audited)	31-Mar-25 (Audited)	31-Mar-24 (Audited)
Total Revenue from Operations	5,503.62	6,086.23	6,261.34	31,826.80	30,320.86	5,662.76	6,093.57	6,327.48	30,214.12	28,630.60
Net Profit for the period (before Tax and Exceptional items)	2,379.56	3,707.95	3,973.96	22,170.55	21,860.00	2,436.44	3,713.39	4,038.15	20,449.16	20,161.24
Net Profit for the period (before Tax after Exceptional items)	2,379.56	3,707.95	3,973.96	22,170.55	21,860.00	2,436.44	3,713.39	4,038.15	20,449.16	20,161.24
Net Profit for the period (after Tax after Exceptional items)	1,787.15	2,676.24	2,977.88	16,940.61	16,707.05	1,829.59	2,680.54	3,026.36	15,187.70	14,972.89
Total Comprehensive Income for the period [Comprising Profit / (Loss) for the period (after tax) and Other Comprehensive Income (after tax)]	35,880.00	(149,248.99)	2,529.73	143,962.14	341,139.70	28,797.87	(150,193.99)	1,890.68	139,310.57	348,192.57
Paid-Up Equity Share Capital (Face Value of Rs. 10 each)	1,107.23	1,107.23	1,107.23	1,107.23	1,107.23	1,107.23	1,107.23	1,107.23	1,107.23	1,107.23
Other Equity				1,506,738.54	1,364,802.62				1,596,901.44	1,459,617.08
Earnings per Share of Rs. 10 each (not annualised) (a) Basic - (Rs.) (b) Diluted - (Rs.)	 16.14 16.14	 24.17 24.17	 26.89 26.89	 153.00 153.00	 150.89 150.89	 (22.66) (22.66)	 12.07 12.07	 28.39 28.39	 88.95 88.95	 150.34 150.34

Note :

1 The above is an extract of the detailed format of Standalone and Consolidated Audited Financial Results filed with Stock Exchange(s) under Regulation 33 of the SEBI (Listing Obligations and Disclosure Requirements) Regulations, 2015. The full format of the Standalone and Consolidated Audited Financial Results are available on the Stock Exchanges' websites, **www.bseindia.com** and **www.nseindia.com** and on the Company's website **www.pilaniinvestment.com**. The same can also be accessed by scanning the QR code provided below:

Place : Kolkata
Date : May 26, 2025

For and on behalf of the Board of Directors of
Pilani Investment and Industries Corporation Limited
Sd/-
Devendra Kumar Mantri
Director
DIN: 00075664

Kolkata

on health & wellness

International markets

US flexibility and consumer recall

modest 4% year-on-

খেলা

আজকাল কলকাতা বুধবার ২৮ মে ২০২৫

গুলবীরের সোনা

দক্ষিণ কোরিয়ায় মঙ্গলবার এশিয়ান অ্যাথলেটিক্স চ্যাম্পিয়নশিপে ছেলেদের ১০ কিমি দৌড়ে সোনা জিতলেন ভারতের গুলবীর সিং। সময় নিয়েছেন ২৮ :৩৮.৬৩। এদিন ২০ কিমি রেস ওয়াকে ব্রোঞ্জ পেলেন সার্বিন সেবাস্তিয়ান (১ :২১ :১৩.৬০)।

কন্যাশ্রী কাপ চ্যাম্পিয়ন ইস্টবেঙ্গল

ইস্টবেঙ্গলের ফুটবলারদের হাতে ট্রফি তুলে দিচ্ছেন ক্রীড়ামন্ত্রী অরূপ বিশ্বাস। পাশে মন্ত্রী সুজিত বসু, প্রাক্তন ফুটবলার দীপেন্দু বিশ্বাস, শ্রাচী কর্তা রাহুল টোডি, আইএফএ সচিব অনির্বাণ দত্ত। ছবি: অভিষেক চক্রবর্তী

দ্বিমুকুট জয় লাল-হলুদের

সায়ন গুপ্ত

দুটি খেতাব জয়ের মাঝে মাত্র ১ মাস ৮ দিনের ব্যবধান। প্রথমটি এসেছিল ১৮ এপ্রিল। সেদিন ইন্ডিয়ান উওমেন্স লিগের (আইডব্লুএল) শিরোপা হাতে উঠেছিল ইস্টবেঙ্গলের। তারপর ২৭ মে আবার সমর্থকদের উৎসবের সুযোগ করে দিলেন সুলঞ্জনা রাউলরা। মঙ্গলবার কন্যাশ্রী কাপের ফাইনালে হাড্ডাহাড্ডি লড়াই শেষে শ্রীভূমি এফসি-কে পেনাল্টি শুটআউটে হারাল ইস্টবেঙ্গল। নির্ধারিত সময়ে ম্যাচ ১-১ অমীমাংসিতভাবে শেষ হয়। এরপর টাইব্রেকারে ৪-২ জয়ী লাল-হলুদ ব্রিগেড। সৌজন্যে গোলরক্ষক মামণি দাসের দুটি অনবদ্য সেভ। এদিন পুরস্কার বিতরণী অনুষ্ঠানে উপস্থিত ছিলেন ক্রীড়ামন্ত্রী অরূপ বিশ্বাস, মন্ত্রী সুজিত বসু, প্রাক্তন ফুটবলার দীপেন্দু বিশ্বাস এবং আইএফএ-র কর্তারা।

গতবছর এই দুই দলই ফাইনালে মুখোমুখি হয়েছিল। সেবার ইস্টবেঙ্গলকে ২-১ ব্যবধানে হারিয়ে চ্যাম্পিয়ন হয়েছিল শ্রীভূমি। সেই ম্যাচে খেলা বেশ কিছু ফুটবলার এদিনও দুই দলে খেললেন। তাঁদের মধ্যে অন্যতম ইস্টবেঙ্গলের সুলঞ্জনা। বেঙ্গালুরুতে জাতীয় শিবির চলছে। মাঝপথে শিবির ছেড়ে ক্লাবকে সাহায্য করতে সেমিফাইনালের আগে চলে এসেছিলেন সুলঞ্জনা। ৪৯ মিনিটে তাঁর গোলেই এগিয়ে যায় ইস্টবেঙ্গল। বক্সের মধ্যে থেকে বাঁ পায়ের ভলিতে দৃষ্টিনন্দন গোল করেন তিনি। দু'মিনিটের মধ্যে শ্রীভূমির হয়ে সমতা ফেরান সুজাতা মাহাতো। ডানপ্রান্ত থেকে বাড়ানো বলে পা ছুঁইয়ে গোল করেন তিনি। দ্বিতীয়ার্ধ শ্রীভূমির দখলে থাকলেও প্রথমার্ধ ছিল ইস্টবেঙ্গলের। ২০ মিনিটে সুস্মিতা লেপচার শট দারুণ সেভ করেন শ্রীভূমির গোলরক্ষক অদ্রিজা সরখেল। তারপর বল দখলের লড়াইয়ের সময় ডান হাতের কনুইয়ে চোট পান সুস্মিতা। চোট এতটাই গুরুতর যে, তৎক্ষণাৎ অ্যাম্বুলেন্সে করে তাঁকে হাসপাতালে নিয়ে যাওয়া হয়।

গোটা ম্যাচেই আত্মবিশ্বাসী লেগেছিল শ্রীভূমির গোলরক্ষক অদ্রিজাকে। কিন্তু পেনাল্টি শুটআউটের আগে তাঁকে তুলে জ্যোৎস্না বরাকে নামান শ্রীভূমির কোচ সুজাতা। ইস্টবেঙ্গলের প্রথম পেনাল্টি বাঁচিয়েও দেন তিনি। উল্টোদিকে অপূর্ণা নার্জারির শট বাঁচান ইস্টবেঙ্গলের মামণি। শুটআউটে ১-১ অবস্থায় মৌসুমীর স্পটকিকও শরীর ছুড়ে বাঁচান মামণি। এরপর সরিতা ইয়ুমনাম, দেবলীনা ভট্টাচার্য ও সুলঞ্জনা গোল করে ইস্টবেঙ্গলের জয় নিশ্চিত করেন।

'ডাবল' জিতে উচ্ছসিত ইস্টবেঙ্গল কোচ অ্যান্টনি অ্যান্ড্রুজ বলেন, 'আইডব্লুএল ও কন্যাশ্রী কাপে একই দল খেলেনি। তাই নতুন করে বোঝাপড়া, পরিকল্পনা তৈরি করতে হয়েছে। বাকিটা ফুটবলারদের কঠোর পরিশ্রমের ফল।' সুলঞ্জনার কথায়, 'এটা সম্মানের লড়াই ছিল। গতবারের প্রতিশোধ নিতে এবার বাড়তি উদ্যম নিয়ে খেললাম। চ্যাম্পিয়ন হয়ে খুশি।'

যন্ত্রণাকে হারিয়ে নায়ক মামণি

রাজর্ষি গাঙ্গুলি

টাইব্রেকারে প্রথম শটে তখন গোল করতে পারেনি ইস্টবেঙ্গল। শ্রীভূমি এফসির সমর্থকরা ফেটে পড়েছেন উচ্ছ্বাসে। শ্রীভূমির হয়ে শট নিতে গেলেন অপূর্ণা নার্জারি। ডান দিকে ঝাঁপিয়ে দুরন্ত দক্ষতায় বাঁচালেন ইস্টবেঙ্গল মহিলা দলের গোলরক্ষক মামণি দাস। এরপরই বছর উনিশের মামণির চোখে-মুখে যন্ত্রণার ছবি। হাত রাখলেন বুকে। এদিন কন্যাশ্রী কাপের ফাইনালের নির্ধারিত সময়ের খেলা চলাকালীনও, বারবার মামণিকে যন্ত্রণাক্লিষ্ট মুখে বুকে হাত দিতে দেখা গেছে। এবার টাইব্রেকারে তৃতীয় শট শ্রীভূমির। নিতে যাচ্ছেন এই মুহূর্তে বাংলার এবং ভারতের অন্যতম সেরা স্ট্রাইকার মৌসুমী মুর্মু। আবার ডানদিকে শরীর ছুড়ে দুরন্ত সেভ মামণির। আর এই জোড়া পেনাল্টি সেভেই চ্যাম্পিয়ন ইস্টবেঙ্গল।

কিন্তু প্রতিটা সেভের পর তাঁর মুখে-চোখে যে অসহ্য যন্ত্রণার ছবি ফুটে উঠেছিল, তা কীসের? চাঁদপাড়ার তরুণী বলেন, 'মাস চারেক আগে আমার অস্ত্রোপচার হয়। বুকে লাম্প হয়েছিল। এখন যে রোজ অস্ত্রোপচারের জায়গায় যন্ত্রণা হয় তা নয়। কিন্তু আজ হচ্ছিল। তবে একটা বিষয় মাথায় ছিল। যতই যন্ত্রণা হোক, দলকে জেতাতেই হবে।'

এবারের কন্যাশ্রী কাপে প্রথম ম্যাচ ছাড়া প্রতিটিতেই খেলেছেন তিনি। ইস্টবেঙ্গলে আছেন তিন বছর। কিন্তু ফাইনালে প্রথম থেকে মামণির খেলা দেখে মনে হচ্ছিল মারাত্মক চাপে আছেন। সেখান থেকে টাইব্রেকারে এতটা আত্মবিশ্বাসী পারফরমেন্স কীভাবে? মামণি বলছিলেন, 'ফাইনাল বলেই হয়তো বাড়তি চাপে ছিলাম। টাইব্রেকারের আগে কোচ বলেন নিজের স্বাভাবিক খেলাটা খেলতে। দুটো সেভের মধ্যে প্রথমটাই বেশি প্রিয়।' বাবা মাছ ব্যবসায়ী, মা গৃহবধূ। কলেজের তৃতীয় বর্ষের ছাত্রী মামণির চোখ সামনে। 'প্রথমে লক্ষ্য আইডব্লুএলে প্রথম একাদশে জায়গা করা এবং তারপর অবশ্যই ভারতীয় দলে সুযোগ পাওয়া।' মামণিকে নিয়ে ইস্টবেঙ্গল কোচ অ্যান্টনি অ্যান্ড্রুজ বলেন, 'ও যথেষ্ট প্রতিভাবান। ওকে অবশ্যই আইডব্লুএল দলের জন্য আমরা ভাবছি। এএফসির শিবিরে ওকে রাখার বিষয়েও ম্যানেজমেন্টকে বলব।'

প্রস্তুতি ম্যাচে গোল সুনীলের

আজকালের প্রতিবেদন

কলকাতায় জাতীয় শিবির শেষে বুধবার থাইল্যান্ডের উদ্দেশে রওনা দিচ্ছে ভারতীয় ফুটবল দল। তার আগেরদিন রাজারহাটে শেষ অনুশীলনের পর বেশ আত্মবিশ্বাসী শোনাল দলের অন্যতম গুরুত্বপূর্ণ সদস্য লালিনজুয়ালা ছাংতেকে। জাতীয় দলের হয়ে ইতিপূর্বেই ৪২ ম্যাচ খেলে ৮ গোল করেছেন ২৭ বছর বয়সি এই উইঙ্গার। ২০২৩ ইন্টারকন্টিনেন্টাল কাপ, সাফ চ্যাম্পিয়নশিপ, ওয়ার্ল্ড কাপ কোয়ালিফায়ারে গোল করার পাশাপাশি ফেডারেশনের বিচারে দু'বার বর্ষসেরা খেতাবও পেয়েছেন। এমন একজন ফুটবলারের ওপর জাতীয় দলের কোচ মানোলো মারকোয়েজ যে বাড়তি ভরসা রাখছেন, সে কথা বলাই বাহুল্য। সেই আস্থার মর্যাদা দিতে আসন্ন হংকং ম্যাচকেই পাখির চোখ করেছেন ছাংতে।

এই ফুটবলারের কথায়, '৯ বছর ধরে দেশের জার্সিতে খেলা প্রতিটি ম্যাচেই সেরা দেওয়ার লক্ষ্যে মাঠে নেমেছি। এবারও ব্যতিক্রম ঘটবে না। দলে ছেত্রি ভাই (সুনীল ছেত্রি), সন্দেশ ভাইয়ের (সন্দেশ ঝিঙ্গান) মতো সিনিয়ররা আছে। এদের কাছে আমি অনেক কিছু শিখেছি। আশা করব, নবীন প্রজন্মের ফুটবলাররাও এদের দেখে উজ্জীবিত হবে।' গত এশিয়ান কাপে মূল পর্বের ৩ ম্যাচেই হেরেছিল ভারত। সেটা মাথায় রেখে ছাংতের প্রতিক্রিয়া, 'অস্ট্রেলিয়া, উজবেকিস্তান ও সিরিয়ার মতো শক্তিশালী দলের সঙ্গে এক গ্রুপে ছিলাম। এবার আমাদের ফোকাস, এশিয়ান কাপের মূল পর্বে খেলার যোগ্যতা অর্জন করা।'

এদিকে, মঙ্গলবার রাজারহাট সেন্টার অফ এক্সেলেন্সের মাঠে দ্বিতীয় প্রস্তুতি ম্যাচে উত্তর ২৪ পরগনা জেলা একাদশকে ৩-০ গোলে হারিয়েছে ভারতীয় ফুটবল দল। প্রথমার্ধে সুনীল একটি গোল করলেন। বাকি দুটি গোলের একটি চিঙ্গলেসানার, অন্যটি উদান্তার।

পাশে লক্ষ্মীরতন

বাংলার ক্রিকেটার আকাশ বিশ্বাসের দুটি কিডনি বিকল। মঙ্গলবার বিকেলে অসুস্থ আকাশের হাতে ২ লক্ষ টাকার চেক তুলে দিলেন বাংলার কোচ লক্ষ্মীরতন শুক্লা। সঙ্গে ছিলেন অরূপ ভট্টাচার্য, সুরজিৎ লাহিড়ী এবং চরণজিৎ সিং। ছবি: আজকাল

আইএফএ-কে অনুরোধ ক্রীড়ামন্ত্রীর

আজকালের প্রতিবেদন: কলকাতা লিগে গতবছর থেকে প্রথম একাদশে অন্তত চারজন ভূমিপুত্রকে খেলানো বাধ্যতামূলক করেছিল আইএফএ। এবার সংখ্যাটা বেড়ে হয়েছে ৫ জন। প্রাথমিক ভাবে বাংলা ফুটবলের নিয়ামক সংস্থা চেয়েছিল ৭ জন ভূমিপুত্র খেলানোর নিয়ম চালু করতে। শেষ পর্যন্ত কিছু ক্লাবের আপত্তিতে তা হয়ে ওঠেনি। ভূমিপুত্রদের কোটা নিয়ে তারপর থেকেই নানা মহলে চর্চা চলছে। মঙ্গলবার কন্যাশ্রী কাপের ফাইনালের পর রাজ্যের ক্রীড়ামন্ত্রী অরূপ বিশ্বাস এ প্রসঙ্গে বলেন, 'ভূমিপুত্রের সংখ্যা আরও বাড়ানো যায় কি না, আইএফএ-কে তা আরেকবার ভেবে দেখার জন্য অনুরোধ করব। এই বিষয়ে দ্রুত আমাদের দপ্তর থেকে চিঠি দেব। আইএফএ স্বশাসিত সংস্থা। তবু বাংলার ফুটবলারদের জন্য আমরা এই অনুরোধ করব।' আইএফএ সচিব অনির্বাণ দত্ত এই নিয়ে জানালেন, 'এই বিষয়ে আমি একা কোনও সিদ্ধান্ত নিতে পারি না। চিঠি আসুক। তারপর আমরা আলোচনা করব।'

রোনাল্ডো কি সৌদি ছাড়বেন

আজকালের প্রতিবেদন: সোমবার রাত থেকে তোলপাড় চলছে ফুটবল মহলে। সৌজন্যে ক্রিশ্চিয়ানো রোনাল্ডোর এক্স হ্যান্ডলে করা একটি পোস্ট। যাকে কেন্দ্র করে দানা বাঁধছে একাধিক জল্পনা। রোনাল্ডো কি সৌদি আরব ছাড়ছেন? আল নাসেরের সঙ্গে কি সম্পর্ক ভাঙছে সিআর সেভেনের? এমনই নানা কথা ভাসছে সোশ্যাল মিডিয়ায়।

কী লিখেছেন রোনাল্ডো? আল নাসেরের জার্সি গায়ে নিজের একটি ছবি পোস্ট করে তিনি লিখেছেন, 'একটি অধ্যায় শেষ হল। গল্প? সেটি এখনও লেখা চলছে। সবার কাছে কৃতজ্ঞ।'

এই মরশুম শেষেই আল নাসেরের সঙ্গে চুক্তি শেষ হচ্ছে রোনাল্ডোর। সূত্রের খবর, নতুন চুক্তি নিয়ে কোনও কথাও হয়নি। আসলে রোনাল্ডো আসার পর একাধিক প্রতিযোগিতায় ব্যর্থ আল নাসের। সেইজন্যই কি ক্লাব চুক্তি পুনর্নবীকরণ নিয়ে আগ্রহী নয়? প্রশ্ন উঠছে।

খেলার খুচরো

» সিন্ধুদের জয়

সিঙ্গাপুর ওপেন ব্যাডমিন্টনে দ্বিতীয় রাউন্ডে গেলেন পি ভি সিন্ধু। ২১-১৪, ২১-৯ হারালেন কানাডার ওয়েন ইউ ঝ্যাংকে। জিতলেন এইচ এস প্রণয়। ১৯-২১, ২১-১৬, ২১-১৪ হারান ফ্রান্সের ক্রিস্তভ পোপোভকে।

» ইয়ামালের চুক্তি

রাফিনহা এবং কোচ হ্যান্সি ফ্লিকের পর এবার লামিন ইয়ামালের সঙ্গেও লম্বা চুক্তি সেরে ফেলল এফসি বার্সিলোনা। ২০৩১ সালের জুন মাস পর্যন্ত ইয়ামালের সঙ্গে চুক্তি হয়েছে বার্সার। মঙ্গলবার রাতে সরকারিভাবে এই খবর ঘোষণা করেছে বার্সিলোনা।

» বার্ষিক অনুষ্ঠান

হল অ্যাথলেটিক কোচেস অ্যাসোসিয়েশন অফ বেঙ্গলের বার্ষিক অনুষ্ঠান। চার প্রাক্তন অ্যাথলিটকে জীবনকৃতি সম্মান দেওয়া হয়। ছিলেন মনোরঞ্জন পোড়েল, গৌতম বিশ্বাস, অমরেন্দ্র নাথ সোম, চিত্রা গাঙ্গুলি, বিপ্লব তালুকদার প্রমুখ।

ভ্রম সংশোধন

মঙ্গলবার ১১ পাতায় 'ভারতের দুই দলে জুয়েল' শীর্ষক খবরে লেখা হয়েছে, রাজ্য সরকার পরিচালিত বেঙ্গল আর্চারি অ্যাকাডেমি দেখভাল করে দোলা ও রাহুল ব্যানার্জি স্পোর্টস ফাউন্ডেশন। ঘটনা হল, দোলা ও রাহুল আছেন পরামর্শদাতার ভূমিকায়।

আজকাল

কর্মখালি/ ব্যবসা/বাণিজ্য/ হারানো/প্রাপ্তি ইত্যাদি বিজ্ঞাপন

১২টি শব্দ ২৫০ টাকা অতিরিক্ত শব্দ ১৮ টাকা

কেনরা বैंक Canara Bank — সিন্ডিকেট Syndicate

পরিশিষ্ট IV [রুল ৮(১)] দখল বিজ্ঞপ্তি [১৩(৪) নং ধারা)] (স্থাবর সম্পত্তির জন্য)

চৈতন্যপুর ব্রাঞ্চ

প্লট নং ২০৬৫, গ্রাম ও পোঃ-দেবপুর, থানা-বেলডাঙা, জেলা-মুর্শিদাবাদ, পশ্চিমবঙ্গ, পিন-৭৪২১৩৪, ই-মেল: cb3354@cnarabank.com

কানাড়া ব্যাঙ্ক, চৈতন্যপুর ব্রাঞ্চ-এর অনুমোদিত আধিকারিক হিসেবে নিম্নস্বাক্ষরকারী সিকিউরিটি ইন্টারেস্ট (এনফোর্সমেন্ট) রুলস, ২০০২-এর রুল ৩-সহ পঠনীয় সিকিউরিটাইজেশন অ্যান্ড রিকনস্ট্রাকশন অফ ফিনান্সিয়াল অ্যাসেটস অ্যান্ড এনফোর্সমেন্ট অফ সিকিউরিটি ইন্টারেস্ট অ্যাক্ট, ২০০২ (অ্যাক্ট ৫৪/২০০২) [এখানে এর পরে 'উক্ত অ্যাক্ট' হিসেবে উল্লিখিত]-এর ১৩(১২) ধারাধীনে অর্পিত ক্ষমতাবলে **ঋণগ্রহীতা এবং বন্ধকদাতা মোফিজুর রহমান চৌধুরি,** পিতা তোফাজ্জেল হোসেন চৌধুরি, গ্রাম-ভাবতা পশ্চিমপাড়া, পোঃ ভাবতা, থানা বেলডাঙা, জেলা মুর্শিদাবাদ, পশ্চিমবঙ্গ, পিন-৭৪২১৩৪-এর প্রতি **১৭.০৩.২০২৫ তারিখ সংবলিত একটি দাবি বিজ্ঞপ্তি জারি করেছিলেন,** যার মাধ্যমে উক্ত বিজ্ঞপ্তি প্রাপ্তির তারিখ থেকে ৬০ দিনের মধ্যে উক্ত বিজ্ঞপ্তিতে দাবিকৃত অর্থাঙ্ক অর্থাৎ, **₹৯,১৭,৫৮৭.৫২** (নয় লক্ষ সতেরো হাজার পাঁচশো সাতাশি টাকা এবং বাহান্ন পয়সা মাত্র) আদায় দেওয়ার জন্য তাঁদের প্রতি আহ্বান জানানো হয়েছিল।

উক্ত ঋণগ্রহীতা দাবিকৃত অর্থাঙ্ক পরিশোধে ব্যর্থ হওয়ায় এতদ্দ্বারা বিশেষত উক্ত ঋণগ্রহীতা এবং জনসাধারণের জ্ঞাতার্থে জানানো যাচ্ছে যে, নিম্নস্বাক্ষরকারী উক্ত রুলসমূহের রুল নং ৮ ও ৯-সহ পঠনীয় উক্ত অ্যাক্টের ১৩(৪) ধারাধীনে অর্পিত ক্ষমতাবলে **২৭ মে, ২০২৫** তারিখে এখানে নীচে বর্ণিত সম্পত্তির দখল নিয়েছেন।

এতদ্দ্বারা জনসাধারণ এবং বিশেষত ওই ঋণগ্রহীতাকে উক্ত সম্পত্তি নিয়ে কোনও প্রকার লেনদেন না করার জন্য সতর্ক করা হচ্ছে এবং উক্ত সম্পত্তি নিয়ে যে কোনও ধরনের লেনদেন **₹৯,১৭,৫৮৭.৫২** (নয় লক্ষ সতেরো হাজার পাঁচশো সাতাশি টাকা এবং বাহান্ন পয়সা মাত্র) এবং তার উপর সুদ সমেত **কানাড়া ব্যাঙ্ক, চৈতন্যপুর ব্রাঞ্চ**-এর প্রতি দায় সাপেক্ষ হবে।

উক্ত অ্যাক্টের ১৩(৮) নং ধারার সংস্থান অনুযায়ী প্রাপ্য মেয়াদের মধ্যে এই সুরক্ষিত পরিসম্পদ ছাড়ানোর ব্যবস্থা গ্রহণের জন্য সংশ্লিষ্ট ঋণগ্রহীতার মনোযোগ আকর্ষণ করা হচ্ছে।

স্থাবর সম্পত্তির বিবরণ: আবাস বাড়ির সম্পত্তির সমগ্র এবং অবিচ্ছেদ্য অংশ, মৌজা ভাবতা, জে এল নং ৭, প্লট নং এল আর ৩১৯৬, খতিয়ান নং এল আর ৬৬৭৩, মাপ ৪.৫ ডেসিমেল যথা ১৯৬০ বর্গফুট, ভাবতা-১ গ্রাম পঞ্চায়েতের অধীন, থানা বেলডাঙা, জেলা মুর্শিদাবাদ, পশ্চিমবঙ্গ, **মহঃ মোফিজুর রহমান চৌধুরির নামে।**

চৌহদ্দি : উত্তর- আক্রম চৌধুরির সম্পত্তি; দক্ষিণ- হাজি মহম্মদ মোয়াজ্জেম হোসেন চৌধুরির সম্পত্তি; পূর্ব- গ্রামের রাস্তা; পশ্চিম- আসরাফুন বিবির সম্পত্তি।

তারিখ: ২৭.০৫.২০২৫ — **অনুমোদিত আধিকারিক**
স্থান: চৈতন্যপুর — **কানাড়া ব্যাঙ্ক**

AXIS BANK

অ্যাক্সিস ব্যাঙ্ক লিমিটেড

লোকাল অফিস: এসি মার্কেট বিল্ডিং, চতুর্থ তল, ১, শেক্সপিয়র সরণি, কলকাতা-৭০০০৭১

রেজিস্টার্ড অফিস: 'ত্রিশূল', চতুর্থ তল, সমর্থেশ্বর মন্দিরের বিপরীতে, ল গার্ডেন, এলিসব্রিজ, আহমেদাবাদ-৩৮০০০৬

স্থাবর সম্পত্তি বিক্রির জন্য বিক্রয় বিজ্ঞপ্তি

সিকিউরিটি ইন্টারেস্ট (এনফোর্সমেন্ট) রুলস, ২০০২-এর রুল ৯(১)-সহ পঠনীয় সিকিউরিটাইজেশন অ্যান্ড রিকনস্ট্রাকশন অফ ফিনান্সিয়াল অ্যাসেটস অ্যান্ড এনফোর্সমেন্ট অফ সিকিউরিটি ইন্টারেস্ট অ্যাক্ট, ২০০২-এর অধীনে স্থাবর সম্পত্তি বিক্রির জন্য ই-নিলাম বিক্রয় বিজ্ঞপ্তি।

ক্রম নং ১ এতদ্দ্বারা জনসাধারণ এবং বিশেষত সুরক্ষিত ঋণদাতার কাছে বন্ধক প্রদত্ত/ দায়বদ্ধ ও সুরক্ষিত ঋণদাতার অনুমোদিত আধিকারিক দ্বারা বাস্তবিক দখল নেওয়া নিম্নবর্ণিত স্থাবর সম্পত্তির সংশ্লিষ্ট ঋণগ্রহীতা(গণ) ও জামিনদার(গণ)-এর প্রতি এই নোটিস জারি করা হচ্ছে যে, নিম্নোক্ত লোন অ্যাকাউন্টের প্রেক্ষিতে **(১) মিঃ বিকাশ জয়সোয়াল (ঋণগ্রহীতা), পিতা- দীননাথ জয়সোয়াল; (২) মিসেস নীলম জয়সোয়াল, পিতা- দিলীপ জয়সোয়াল**-এর থেকে ১০.০৮.২০২৩ তারিখের ভিত্তিতে সুরক্ষিত ঋণদাতার পাওনা বাবদ **₹১,০৮,৪৩,৪৬৯.০০** (এক কোটি আট লক্ষ তেতাল্লিশ হাজার চারশো উনসত্তর টাকা মাত্র) ***[এর মধ্যে ১০.০৮.২০২৩ অবধি সুদ অন্তর্ভুক্ত রয়েছে]***, তৎসহ ভবিষ্যতের সুদ ও মাশুল ইত্যাদি পুনরুদ্ধারের জন্য নিম্নবর্ণিত স্থাবর সম্পত্তিটি **'যেখানে আছে', 'যেমন আছে', 'যা কিছু আছে'** ভিত্তিতে **১৭.০৬.২০২৫** তারিখে বিক্রি করা হবে। প্রয়োজনীয় তথ্যের জন্য অনুগ্রহপূর্বক সংলগ্ন নিলামের তফসিল দেখুন:

জানা দায় (যদি থাকে)	সুরক্ষিত ঋণদাতার জানা নেই। বিদ্যুৎ, রক্ষণাবেক্ষণ, কর, অপর কোনও বিধিবদ্ধ বকেয়া ও/বা দায় (যেমন প্রযোজ্য)-এর মতো অপ্রদত্ত চার্জাদির বিষয়ে ক্রেতাকেই নিশ্চিত হয়ে নিতে হবে।
সংরক্ষণ মূল্য	(₹) ₹২,৭৯,৬৯,৩০০.০০ (দুই কোটি উনআশি লক্ষ উনসত্তর হাজার তিনশো টাকা মাত্র)
বায়না জমা (₹)	₹২৭,৯৬,৯৩০.০০ (সাতাশ লক্ষ ছিয়ানব্বই হাজার নশো তিরিশ টাকা মাত্র) [সংরক্ষণ মূল্যের ১০%], আদায় দিতে হবে 'অ্যাক্সিস ব্যাঙ্ক লিমিটেড'-এর অনুকূলে ও কলকাতায় প্রদেয়মতে ডিমান্ড ড্রাফ্ট রূপে
বিড বাড়ানোর মূল্য	₹২০,০০০.০০ (কুড়ি হাজার টাকা মাত্র), প্রতি সম্পত্তির ক্ষেত্রে
ইএমডি সমেত বিড/ টেন্ডার জমার শেষ তারিখ, সময় ও স্থান	**১৬.০৬.২০২৫,** সর্বশেষ বিকেল ৪টা পর্যন্ত, অনুমোদিত আধিকারিক বরাবরে এসি মার্কেট বিল্ডিং, চতুর্থ তল (থার্ড ফ্লোর) [পিছন দিকের লিফ্ট], ১, শেক্সপিয়র সরণি, কলকাতা-৭০০০৭১
প্রকাশ্য ই-নিলামের তারিখ, সময় ও স্থান	১৭.০৬.২০২৫, সকাল ১১টা থেকে দুপুর ১২টা, প্রতি ক্ষেত্রে ৫ মিনিটের সীমাহীন সম্প্রসারণ সমেত, https://www.bankeauctions.com ওয়েব পোর্টালে। ই-নিলাম বিড ফর্ম, ডিক্লারেশন ইত্যাদি সমন্বিত ই-নিলাম টেন্ডার নথিগুলি এখানে নীচে উল্লিখিত সার্ভিস প্রোভাইডারের ওয়েবসাইটে উপলব্ধ রয়েছে।

তফসিল- বিক্রি হতে চলা সম্পত্তির বিবরণ

ওপরে উল্লিখিত তফসিল:

(বন্ধকি সম্পত্তি/ সুরক্ষিত পরিসম্পদ)

আবাসিক ফ্ল্যাট নং ১৫এ-এর অপরিহার্য সমগ্র পরিমাণ, বিল্ট আপ এরিয়া সামান্য কমবেশি ১৬১৬ (এক হাজার ছশো ষোল) বর্গফুট বা সামান্য কমবেশি ২১৬৫ (দুই হাজার একশো পঁয়ষট্টি) বর্গফুট সুপার বিল্ট আপ এরিয়ার সমতুল এবং কার্পেট এরিয়া সামান্য কমবেশি ১৪৪৩.১৭ (এক হাজার চারশো তেতাল্লিশ দশমিক এক সাত) বর্গফুট, 'ওয়ানএক্স প্রিভি' নামক বিল্ডিংয়ের ১৫ নং ফ্লোরে, প্রেমিসেস নং ২০০এ, শ্যামাপ্রসাদ মুখার্জি রোড, ওয়ার্ড নং ৫৮, থানা- টালিগঞ্জ, কলকাতা-৭০০০২৬। চৌহদ্দি ও চতুর্সীমা: উত্তর- টিপু সুলতান রোড; দক্ষিণ- বি২০০এক্স, এসপি মুখার্জি রোড; পূর্ব- এসপি মুখার্জি রোড; পশ্চিম- ৫৯/২এ, প্রতাপাদিত্য রোড। **তফসিল 'বি':** বিল্ডিংয়ের গ্রাউন্ড ফ্লোরে দুটি মাঝারি মাপের গাড়ি রাখার উপযোগী ২১ ও ২২ নম্বরযুক্ত দুটি কভার্ড কার পার্কিং স্পেস।

বিক্রির বিশদ শর্ত ও নিয়মাবলির জন্য অনুগ্রহপূর্বক সুরক্ষিত ঋণদাতার ওয়েবসাইট অর্থাৎ, https://www.axisbank.com/auction-retail এবং ব্যাঙ্কের অনুমোদিত সার্ভিস প্রোভাইডার মেসার্স সি১ ইন্ডিয়া প্রাইভেট লিমিটেড-এর https://www.bankeauctions.com ওয়েব পোর্টাল দেখুন।

ব্যাঙ্কের অনুমোদিত সার্ভিস প্রোভাইডার মেসার্স সি১ ইন্ডিয়া প্রাইভেট লিমিটেড-এর https://www.bankeauctions.com ওয়েব পোর্টালের মাধ্যমে এই নিলাম পরিচালিত হবে।

পরিদর্শনের মতো যে কোনও সহায়তার প্রয়োজন হলে আগ্রহী বিডাররা অনুগ্রহপূর্বক ব্যাঙ্কের এই অনুমোদিত আধিকারিকদের সঙ্গে অফিসের কাজ চলার সময়সীমা অর্থাৎ, সকাল ৯টা ৩০ মিনিট থেকে বিকেল ৪টার মধ্যে যোগাযোগ করতে পারেন: মিঃ স্মৃতিরঞ্জন আচার্য (মোবাইল: ৭০০৮৩৫৫৯৬৫) বা মিঃ অনুপম মল্লিক (মোবাইল: ৯৬৭৪৪৩৩৩৫৫)।

সিকিউরিটি ইন্টারেস্ট (এনফোর্সমেন্ট) রুলস, ২০০২-এর রুল ৯(১) অনুযায়ী সংশ্লিষ্ট ঋণদাতাদের প্রতি এই নোটিসটি একটি ১৫ দিনের নোটিস হিসেবে বিবেচিত হবে।

তারিখ: ২৮.০৫.২০২৫ — **অনুমোদিত আধিকারিক**
স্থান: কলকাতা — **অ্যাক্সিস ব্যাঙ্ক লিমিটেড**

ইন্ডিয়ান बैंक Indian Bank — इलाहाबाद ALLAHABAD

দাবি বিজ্ঞপ্তি

জোনাল অফিস: বারাসত

৫৪, কেএনসি রোড, বারাসত, পশ্চিমবঙ্গ, পিন-৭০০১২৪

[সিকিউরিটাইজেশন অ্যান্ড রিকনস্ট্রাকশন অফ ফিনান্সিয়াল অ্যাসেটস অ্যান্ড এনফোর্সমেন্ট অফ সিকিউরিটি ইন্টারেস্ট অ্যাক্ট, ২০০২ (অ্যাক্ট নং ২/২০০২)-এর ১৩(৩) ও ১৩(৮) নং ধারা-সহ পঠনীয় ১৩(২) ধারাধীনে বিজ্ঞপ্তি]

গৃহীত ঋণের প্রেক্ষিতে এবং সংশ্লিষ্ট ঋণ অ্যাকাউন্টগুলি এনপিএ হওয়ায় নিম্নলিখিত ঋণগ্রহীতা/ জামিনদারগণের প্রতি দাবি বিজ্ঞপ্তি জারি করা হয়েছিল যার মাধ্যমে ব্যাঙ্কের পাওনা অর্থাঙ্ক পরিশোধে তাঁদের ৬০ দিনের সময়সীমা দেওয়া হয়েছিল। বিজ্ঞপ্তি(গুলি) প্রেরিত হলেও প্রাপ্তিস্বীকারপত্র এখনও আমাদের কাছে এসে পৌঁছয়নি। নির্ধারিত ৬০ দিনের মধ্যে যাবতীয় অনাদায়ী বকেয়া পরিশোধে সংশ্লিষ্ট ঋণগ্রহীতা/ জামিনদারের ব্যর্থতার ক্ষেত্রে নিম্নবর্ণিত সুরক্ষিত পরিসম্পদগুলির দখল নেওয়ায় আমাদের আগ্রহের কথাও উক্ত বিজ্ঞপ্তিতে উল্লিখিত ছিল। এতদ্দ্বারা সারফায়েসি অ্যাক্টের অধীনে পরবর্তী পদক্ষেপ গ্রহণ এড়াতে এই বিজ্ঞপ্তি প্রকাশের তারিখ থেকে ৬০ দিনের মধ্যে অনাদায়ী বকেয়া পরিশোধের জন্য সংশ্লিষ্ট ঋণগ্রহীতা/জামিনদারগণের প্রতি প্রজ্ঞাপন জারি করা হচ্ছে। আমাদের অফিসে থাকা বিশদ বিজ্ঞপ্তি সংগ্রহের জন্যও তাঁদের প্রতি পরামর্শ দেওয়া হচ্ছে।

ক্রম নং	ক) ঋণগ্রহীতা/ বন্ধকদাতা/ জামিনদারের নাম ও ঠিকানা খ) শাখার নাম	সুরক্ষিত পরিসম্পদের বিবরণ	ক) এনপিএর তারিখ খ) দাবি বিজ্ঞপ্তির তারিখ গ) বকেয়া অর্থাঙ্ক
১	**ক) ঋণগ্রহীতা ও বন্ধকদাতা: মিঃ চণ্ডী প্রসাদ দত্ত** পিতা- প্রয়াত অতুলকৃষ্ণ দত্ত গ্রাম- ছোট জিরাকপুর, পোঃঅঃ- বসিরহাট, থানা- বসিরহাট, উত্তর ২৪ পরগনা, পিন-৭৪৩৪১২ **অ্যাকাউন্ট নং: ৫০৩৬৭০৬৬৭০১** **খ) বসিরহাট শাখা**	উপরিস্থিত দোতলা বাড়ি সমেত সামান্য কমবেশি ৫.১০ ডেসিমেল জমির অপরিহার্য সমগ্র পরিমাণ যার মধ্যে সামান্য কমবেশি ২.৫০ ডেসিমেল জমির অবস্থান: মৌজা- বসিরহাট, জে এল নং ৪৩, তৌজি নং ৬০৪, আর এস খতিয়ান নং ৩২৮৫, পূর্বতন খতিয়ান নং ৩৩৯৩, বর্তমান নিজ এল আর খতিয়ান নং ১২৬৫৩, আর এস এবং এল আর দাগ নং ১৯৮২ এবং সামান্য কমবেশি ২.৬০ ডেসিমেল জমির অবস্থান: মৌজা- জিরাকপুর, জে এল নং ৯৪, আর এস খতিয়ান নং ১৮৬২, পূর্বতন এল আর খতিয়ান নং ৩৫৮৫, বর্তমান নিজ এল আর খতিয়ান নং ৫১১৮, আর এস এবং এল আর দাগ নং ১১৫, বসিরহাট পুরসভার এলাকাধীন, ওয়ার্ড নং ২১, উত্তর ২৪ পরগনা, এডিএসআর অফিস- বসিরহাটে বই নং I, সিডি ভলিউম নং ১০, পৃষ্ঠা নং ৩৯২৬ থেকে ৩৯৪১-তে নথিভুক্ত ২০০৮ সালের রেজিস্টার্ড দলিল নং ২০৫৯৩ অনুসারে। **সম্পত্তির চৌহদ্দি ও চতুর্সীমা:** উত্তর- ড্রেন, তারপরে দেবাশিস দে ও অন্যদের সম্পত্তি; দক্ষিণ- যৌথ পরিসর; পূর্ব- সুবোধ নন্দী; পশ্চিম- প্রশান্ত দে'র জমি। **সম্পত্তির স্বত্বাধিকারী মিঃ চণ্ডী প্রসাদ দত্ত,** নিবাস: ছোট জিরাকপুর, পোঃঅঃ ও থানা- বসিরহাট, জেলা- উত্তর ২৪ পরগনা, রাজ্য- পশ্চিমবঙ্গ, পিন-৭৪৩৪১২।	ক) ০১.০৫.২০২৫ খ) ১৬.০৫.২০২৫ গ) ₹৩,৭০,১৮৪.০০ (তিন লক্ষ সত্তর হাজার একশো চুরাশি টাকা মাত্র), ১৬.০৫.২০২৫ অনুযায়ী এবং এই অর্থাঙ্কের ওপর ১৭.০৫.২০২৫ থেকে চুক্তিমাফিক হারে উদ্ভূত সুদ ও অন্যান্য চার্জ

তারিখ: ২৮.০৫.২০২৫ — অনুমোদিত আধিকারিক
স্থান: বারাসত — ইন্ডিয়ান ব্যাঙ্ক

ICICI Bank

ব্রাঞ্চ অফিস: আইসিআইসিআই ব্যাঙ্ক লিমিটেড, রিজিওনাল প্রসেসিং সেন্টার, বিপি-৪, টেকনোপলিস বিল্ডিং, ফ্লোর নং ১৩, সেক্টর ৫, সল্ট লেক, কলকাতা, পশ্চিমবঙ্গ-৭০০০৯১

প্রকাশ্য বিজ্ঞপ্তি - সুরক্ষিত পরিসম্পদ বিক্রির জন্য টেন্ডার তথা ই-নিলাম

[রুল ৮(৬)-এর সংস্থানসমূহ দ্রষ্টব্য]

স্থাবর পরিসম্পদ বিক্রির জন্য বিজ্ঞপ্তি

সিকিউরিটি ইন্টারেস্ট (এনফোর্সমেন্ট) রুলস, ২০০২-এর রুল ৮(৬)-এর সংস্থানসমূহ-সহ পঠনীয় সিকিউরিটাইজেশন অ্যান্ড রিকনস্ট্রাকশন অফ ফিনান্সিয়াল অ্যাসেটস অ্যান্ড এনফোর্সমেন্ট অফ সিকিউরিটি ইন্টারেস্ট অ্যাক্ট, ২০০২ অধীনে স্থাবর পরিসম্পদসমূহ বিক্রির জন্য ই-নিলাম বিক্রয় বিজ্ঞপ্তি।

এতদ্দ্বারা জনসাধারণ এবং বিশেষত সংশ্লিষ্ট ঋণগ্রহীতা(গণ) ও জামিনদার(গণ)-এর জ্ঞাতার্থে জানানো যাচ্ছে যে, আইসিআইসিআই ব্যাঙ্ক লিমিটেড-এর অনুমোদিত আধিকারিক দ্বারা বাস্তবিক দখল নেওয়া ও সুরক্ষিত ঋণদাতার কাছে বন্ধক রাখা/ দাখিলযোগ্য নিম্নবর্ণিত স্থাবর সম্পত্তি 'যেখানে আছে', 'যা কিছু আছে' এবং 'যেমন আছে' ভিত্তিতে বিক্রি করা হবে যার সংক্ষিপ্ত তথ্য এখানে নীচে দেওয়া হয়েছে:-

ক্রম নং	ঋণগ্রহীতা/সহ-ঋণগ্রহীতা/ জামিনদারগণ-এর নাম ও লোন অ্যাকাউন্ট নম্বর	জানা দায় (যদি থাকে) সমেত সুরক্ষিত পরিসম্পদের বিবরণ	বকেয়া অর্থাঙ্ক	সংরক্ষণ মূল্য / বায়না জমা	সম্পত্তি পরিদর্শনের তারিখ ও সময়	ই-নিলামের তারিখ ও সময়
(A)	(B)	(C)	(D)	(E)	(F)	(G)
১	মিঃ তন্ময় দে (ঋণগ্রহীতা) মিসেস সোমা দাস (সহ-ঋণগ্রহীতা) LBCAL00005729890	আবাসিক ফ্ল্যাট নং ৩সি, আনন্দলোক অ্যাপার্টমেন্ট, ফ্ল্যাট নং ৩সি, ফ্লোর নং ৩, উত্তর-পশ্চিম দিক অভিমুখী, সংযুক্ত হোল্ডিং নং ৪৪৫, শ্রীপুর স্টেশন রোড, আর এস এবং এল আর দাগ নং ২১৫, ২১৭ ও ২১৮, আর এস খতিয়ান নং ৩৮ ও ১০২, থানা- বারাসত, বর্তমানে মধ্যমগ্রাম, ওয়ার্ড নং ২০, জেলা- উত্তর ২৪ পরগনা, পশ্চিমবঙ্গ। সুপার বিল্ট আপ এরিয়া সামান্য কমবেশি ৮৯১.৩৩ বর্গফুট।	₹ ৩১,৭৪,৪৯৪/- ১৫ মে, ২০২৫ অনুযায়ী	₹ ১৭,২০,০০০/- / ₹ ১,৭২,০০০/-	১২ জুন, ২০২৫ সকাল ১১টা থেকে দুপুর ২টো	১৯ জুন, ২০২৫ সকাল ১০টা ৩০ মিনিটে শুরু

অনলাইন নিলাম প্রক্রিয়াটি আমাদের নিলাম এজেন্সি মেসার্স নেক্সজেন সলিউশনস প্রাইভেট লিমিটেড (ইউআরএল লিঙ্ক: https://disposalhub.com)-এর ওয়েবসাইটের মাধ্যমে আয়োজিত হবে। এতদ্দ্বারা সংশ্লিষ্ট বন্ধকদাতাগণ/ বিজ্ঞপ্তি গ্রহীতাগণকে ১৮ জুন, ২০২৫ বিকেল ৫টার মধ্যে সম্পূর্ণ বকেয়া অর্থাঙ্ক সুদসমেত পরিশোধের জন্য শেষ সুযোগ দেওয়া হল, অন্যথায় নির্ধারিত সূচি অনুযায়ী এই সুরক্ষিত পরিসম্পদ বিক্রি করা হবে।

সম্ভাব্য ডাকদাতা(গণ)-কে অবশ্যই ওপরে উল্লিখিতমতো (ওপরের টেবলের কলাম নং 'E' দ্রষ্টব্য) বায়না জমা বাবদ অর্থাঙ্ক (ইএমডি) ডিমান্ড ড্রাফ্ট (ডিডি) রূপে আইসিআইসিআই ব্যাঙ্ক লিমিটেড, রিজিওনাল প্রসেসিং সেন্টার, বিপি-৪, টেকনোপলিস বিল্ডিং, ফ্লোর নং ১৩, সেক্টর ৫, সল্ট লেক, কলকাতা, পশ্চিমবঙ্গ-৭০০০৯১ ঠিকানাস্থিত অফিসে ১৮ জুন, ২০২৫ বিকেল ৫টার মধ্যে জমা দিতে হবে এবং তার পরে সর্বশেষ ১৮ জুন, ২০২৫ বিকেল ৫টার মধ্যে ওপরে লেখা ওয়েবসাইটে নিজেদের দরপ্রস্তাব ইএমডি জমার প্রমাণ হিসেবে ব্যাঙ্কের তরফে প্রাপ্তিস্বীকার করা ডিমান্ড ড্রাফ্টের স্ক্যান করানো কপি সমেত দাখিল করতে হবে। অনুগ্রহপূর্বক খেয়াল রাখবেন, সম্ভাব্য ডাকদাতা(গণ) ওয়েবসাইটের মাধ্যমে দরপ্রস্তাব জমা দিতে না পারলে টেন্ডার ডকুমেন্টের স্বাক্ষরিত কপি স্ক্যান করিয়ে সর্বশেষ ১৮ জুন, ২০২৫ বিকেল ৫টার মধ্যে আইসিআইসিআই ব্যাঙ্ক লিমিটেড, রিজিওনাল প্রসেসিং সেন্টার, বিপি-৪, টেকনোপলিস বিল্ডিং, ফ্লোর নং ১৩, সেক্টর ৫, সল্ট লেক, কলকাতা, পশ্চিমবঙ্গ-৭০০০৯১ ঠিকানায় জমা দিতে হবে। ইএমডি বাবদ অর্থাঙ্ক কোনও রাষ্ট্রায়ত্ত/তফসিলভুক্ত ব্যাঙ্ক থেকে 'ICICI Bank Limited'-এর অনুকূলে Kolkata-তে প্রদেয় ডিমান্ড ড্রাফ্ট/ পে-অর্ডার রূপে জমা দিতে হবে।

সম্পত্তি পরিদর্শন, নিলামের শর্ত ও নিয়মাবলি অথবা টেন্ডার জমা দেওয়া সংক্রান্ত প্রশ্নের পরিষ্কার উত্তর পেতে অনুগ্রহপূর্বক আইসিআইসিআই ব্যাঙ্ক লিমিটেড-এর প্রতিনিধির সঙ্গে ৯১৬৩৩৪৩৪৩৯ নম্বরে যোগাযোগ করবেন। অনুগ্রহপূর্বক খেয়াল রাখবেন, মার্কেটিং এজেন্সি (১) মেসার্স ভ্যালু ট্রাস্ট ক্যাপিটাল সার্ভিসেস প্রাইভেট লিমিটেড এবং (২) গিরনারসফ্ট প্রাঃ লিঃ-কে এই সম্পত্তি বিক্রিতে সহায়তার কাজেও নিয়োজিত করা হয়েছে।

কোনও কারণ না দেখিয়ে যে কোনও অথবা সমস্ত দরপ্রস্তাব বাতিল করার অধিকার অনুমোদিত আধিকারিকের থাকবে। বিক্রির শর্ত ও নিয়মাবলি বিশদে জানতে অনুগ্রহপূর্বক এই ওয়েবসাইট দেখুন: www.icicibank.com/n4p4s।

তারিখ: ২৮ মে, ২০২৫ — অনুমোদিত আধিকারিক
স্থান: কলকাতা (পশ্চিমবঙ্গ) — আইসিআইসিআই ব্যাঙ্ক লিমিটেড

পিলানি ইনভেস্টমেন্ট অ্যান্ড ইন্ডাস্ট্রিজ কর্পোরেশন লিমিটেড

CIN: L24131WB1948PLC095302; ওয়েবসাইট: www.pilaniinvestment.com; ই-মেল: pilani@pilaniinvestment.com

রেজিস্টার্ড অফিস: বিড়লা বিল্ডিং, ৯/১, আর এন মুখার্জি রোড, কলকাতা-৭০০০০১; ফোন: ০৩৩ ৪০৮২৩৭০০/ ২২২০০৬০০

৩১ মার্চ, ২০২৫ সমাপ্ত ত্রৈমাসিক ও বছরের স্বতন্ত্র ও পুঞ্জীভূত নিরীক্ষিত আর্থিক ফলাফলের সংক্ষিপ্তসার

(শেয়ার প্রতি তথ্য বাদে লক্ষ টাকার অঙ্কে)

বিবরণ	স্বতন্ত্র					পুঞ্জীভূত				
	সমাপ্ত ত্রৈমাসিক			সমাপ্ত বছর		সমাপ্ত ত্রৈমাসিক			সমাপ্ত বছর	
	৩১ মার্চ, ২৫ (নিরীক্ষিত)	৩১ ডিসেম্বর, ২৪ (অনিরীক্ষিত)	৩১ মার্চ, ২৪ (নিরীক্ষিত)	৩১ মার্চ, ২৫ (নিরীক্ষিত)	৩১ মার্চ, ২৪ (নিরীক্ষিত)	৩১ মার্চ, ২৫ (নিরীক্ষিত)	৩১ ডিসেম্বর, ২৪ (অনিরীক্ষিত)	৩১ মার্চ, ২৪ (নিরীক্ষিত)	৩১ মার্চ, ২৫ (নিরীক্ষিত)	৩১ মার্চ, ২৪ (নিরীক্ষিত)
কারবার থেকে মোট আয়	৫,৫০৩.৬২	৬,০৮৬.২৩	৬,২৬১.৩৪	৩১,৮২৬.৮০	৩০,৩২০.৮৬	৫,৬৬২.৭৬	৬,০৯৩.৫৭	৬,৩২৭.৪৮	৩০,২১৪.১২	২৮,৬৩০.৬০
সংশ্লিষ্ট মেয়াদে নিট মুনাফা (কর এবং ব্যতিক্রমী দফার আগে)	২,৩৭৯.৫৬	৩,৭০৭.৯৫	৩,৯৭৩.৯৬	২২,১৭০.৫৫	২১,৮৬০.০০	২,৪৩৬.৪৪	৩,৭১৩.৩৯	৪,০৩৮.১৫	২০,৪৪৯.১৬	২০,১৬১.২৪
সংশ্লিষ্ট মেয়াদে কর-পূর্ব নিট মুনাফা (ব্যতিক্রমী দফার পরে)	২,৩৭৯.৫৬	৩,৭০৭.৯৫	৩,৯৭৩.৯৬	২২,১৭০.৫৫	২১,৮৬০.০০	২,৪৩৬.৪৪	৩,৭১৩.৩৯	৪,০৩৮.১৫	২০,৪৪৯.১৬	২০,১৬১.২৪
সংশ্লিষ্ট মেয়াদে কর-পরবর্তী নিট মুনাফা (ব্যতিক্রমী দফার পরে)	১,৭৮৭.১৫	২,৬৭৬.২৪	২,৯৭৭.৮৮	১৬,৯৪০.৬১	১৬,৭০৭.০৫	১,৮২৯.৫৯	২,৬৮০.৫৪	৩,০২৬.৩৬	১৫,১৮৭.৭০	১৪,৯৭২.৮৯
সংশ্লিষ্ট মেয়াদে মোট বোধগম্য আয় [সংশ্লিষ্ট মেয়াদে কর-পরবর্তী মুনাফা/(ক্ষতি) এবং কর-পরবর্তী অন্যান্য বোধগম্য আয় ধরে]	৩৫,৮৮০.০০	(১৪৯,২৪৮.৯৯)	২,৫২৯.৭৩	১৪৩,৯৬২.১৪	৩৪১,১৩৯.৭০	২৮,৭৯৭.৮৭	(১৫০,১৯৩.৯৯)	১,৮৯০.৬৮	১৩৯,৩১০.৫৭	৩৪৮,১৯২.৫৭
আদায়ীকৃত ইকুইটি শেয়ার মূলধন (প্রতিটির অভিহিত মূল্য ₹১০/-)	১,১০৭.২৩	১,১০৭.২৩	১,১০৭.২৩	১,১০৭.২৩	১,১০৭.২৩	১,১০৭.২৩	১,১০৭.২৩	১,১০৭.২৩	১,১০৭.২৩	১,১০৭.২৩
অন্যান্য ইকুইটি				১,৫০৬,৭৩৮.৫৪	১,৩৬৪,৮০২.৬২				১,৫৯৬,৯০১.৪৪	১,৪৫৯,৬১৭.০৮
₹১০/- মূল্যের প্রতিটি শেয়ার পিছু আয় (বার্ষিকীকৃত নয়) (ক) বুনিয়াদি - (₹)	১৬.১৪	২৪.১৭	২৬.৮৯	১৫৩.০০	১৫০.৮৯	(২২.৬৬)	১২.০৭	২৮.৩৯	৮৮.৯৫	১৫০.৩৪
(খ) মিশ্রিত - (₹)	১৬.১৪	২৪.১৭	২৬.৮৯	১৫৩.০০	১৫০.৮৯	(২২.৬৬)	১২.০৭	২৮.৩৯	৮৮.৯৫	১৫০.৩৪

দ্রষ্টব্য:

১. উপরিলিখিত বিবৃতিটি সেবি (লিস্টিং অবলিগেশনস অ্যান্ড ডিসক্লোজার রিকোয়্যারমেন্টস) রেগুলেশনস, ২০১৫-এর রেগুলেশন ৩৩ অনুসারে স্টক এক্সচেঞ্জসমূহে পেশ করা স্বতন্ত্র ও পুঞ্জীভূত নিরীক্ষিত আর্থিক ফলাফলের বিশদ বয়ানের সংক্ষিপ্তসার। স্বতন্ত্র ও পুঞ্জীভূত নিরীক্ষিত আর্থিক ফলাফলগুলির বিশদ বয়ান স্টক এক্সচেঞ্জসমূহের ওয়েবসাইট অর্থাৎ, **www.bseindia.com** ও **www.nseindia.com**-সহ কোম্পানির ওয়েবসাইট অর্থাৎ, **www.pilaniinvestment.com**-তেও উপলব্ধ রয়েছে।

স্থান : কলকাতা
তারিখ : ২৬ মে, ২০২৫

পিলানি ইনভেস্টমেন্ট অ্যান্ড ইন্ডাস্ট্রিজ কর্পোরেশন লিমিটেড-এর পরিচালকমণ্ডলীর জন্য ও তরফে
স্বাঃ-
দেবেন্দ্র কুমার মন্ত্রী
ডিরেক্টর
DIN: 00075664